

ড. আখতার হামিদ খান-এর ২০তম মৃত্যুবার্ষিকী উদযাপিত

অদ্য ০৯ অক্টোবর, বুধবার বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড) এর প্রতিষ্ঠাতা প্রধান নির্বাহী, কুমিল্লা পদ্ধতির উদ্ভাবক ও আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজ বিজ্ঞানী ড. আখতার হামিদ খান-এর ২০তম মৃত্যুবার্ষিকী ২০১৯ উদযাপিত হয়েছে। এ উপলক্ষে বার্ডের ময়নামতি অডিটোরিয়ামে আলোচনা সভার আয়োজন করা হয়। উক্ত আলোচনা সভায় প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর মোঃ আমীর আলী চৌধুরী, প্রাক্তন অধ্যক্ষ, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ। তিনি আখতার হামিদ খানের জীবন দর্শনের উপর আলোকপাত করেন। আলোচনা সভায় সভাপতিত্ব করবেন বার্ডের জ্যেষ্ঠতম পরিচালক ড. কামরুল আহসান। আলোচনা সভায় মঞ্চে আরো উপবিষ্ট ছিলেন বার্ডের পরিচালক (প্রশাসন) ড. মোঃ শফিকুল ইসলাম। আলোচনা সভায় বার্ডের বিভিন্ন পর্যায়ের প্রতিনিধিবৃন্দ ড. আখতার হামিদ খানের কর্মময় জীবনের স্মৃতিচারণ করেন। এছাড়াও ড. আখতার হামিদ খান-এর ২০তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে হযরত বড়পীর (রঃ) জামে মসজিদে পবিত্র কোরআন খতম, মিলাদ মাহফিল ও বিশেষ মোনাজাতের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানসমূহে একাডেমির সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারী, প্রশিক্ষার্থী ও স্কুলের শিক্ষক-শিক্ষার্থীগণ অংশগ্রহণ করেন।



ক্যাপশন: ড. আখতার হামিদ খান-এর ২০তম মৃত্যুবার্ষিকী উদযাপন উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় বক্তব্য রাখছেন প্রফেসর মোঃ আমীর আলী চৌধুরী, প্রাক্তন অধ্যক্ষ, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ।

আবদুল্লা-আল-মামুন
সহকারী পরিচালক (জনসংযোগ)
বার্ড, কুমিল্লা
তারিখঃ ০৯/১০/২০১৯ খ্রিস্টাব্দ

টেলিফোন: ০৮১-৬০৬০১-৬, ৬৫০১১, ৬৫০৭০, Telephone: 81-60601-6, 65011, 65070, Fax: 088-081-68406

E-mail : dg@bard.gov.bd Website: www.bard.gov.bd